

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের  
জন্মশতবার্ষিকী উদ্যাপন সফল হোক”

বাংলাদেশ



পেজেট



অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, এপ্রিল ৪, ২০২২

বাংলাদেশ নির্বাচন কমিশন  
নির্বাচন কমিশন সচিবালয়

প্রজ্ঞাপন

তারিখ : ১৭ চৈত্র ১৪২৮ বঙ্গাব্দ/৩১ মার্চ ২০২২ খ্রিস্টাব্দ

নং ১৭.০০.০০০০.০০৯.০৬.০০৮.১৭-১০৭—নির্বাচন কমিশন সচিবালয় আইন, ২০০৯-এর  
ধারা ১৯ এর প্রদত্ত ক্ষমতাবলে নির্বাচন কমিশন কর্তৃক প্রণীত নির্বাচন কমিশন (কার্যপ্রণালী)  
বিধিমালা, ২০১০ এর বিধি ৩ এর উপবিধি ২ অনুসারে নির্বাচন কমিশন সচিবালয়ের জাতীয় পরিচয়  
নিবন্ধন অনুবিভাগের জাতীয় পরিচয়পত্র/স্মার্ট কার্ড সেবা পদ্ধতি সহজীকরণ করার লক্ষ্যে নিম্নৰূপ  
“জাতীয় পরিচয়পত্র, ভোটার তালিকা এবং নির্বাচন ব্যবস্থাপনা তথ্য প্রযুক্তির প্রয়োগ কমিটি” গঠন  
করা হলো :

- |  |              |
|--|--------------|
| (১) জনাব মোঃ আলমগীর, মাননীয় নির্বাচন কমিশনার                    | - সভাপতি     |
| (২) মহাপরিচালক, এনআইডি অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়         | - সদস্য      |
| (৩) যুগ্মসচিব (নির্বাচন ব্যবস্থাপনা-১), নির্বাচন কমিশন সচিবালয়  | - সদস্য      |
| (৪) সিস্টেম ম্যানেজার (আইসিটি), নির্বাচন কমিশন সচিবালয়          | - সদস্য      |
| (৫) সিস্টেম ম্যানেজার (কারিগরি), জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ  | - সদস্য      |
| (৬) সিনিয়র মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার, নির্বাচন কমিশন সচিবালয়     | - সদস্য      |
| (৭) উপসচিব (নির্বাচন পরিচালনা-১), নির্বাচন কমিশন সচিবালয়        | - সদস্য      |
| (৮) সিস্টেম এনালিস্ট (উপাত্ত ব্যবস্থাপনা), এনআইডি অনুবিভাগ       | - সদস্য      |
| (৯) পরিচালক (পরিচালনা), এনআইডি অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয় | - সদস্য-সচিব |

কমিটি প্রয়োজনে কমিশনের যে কোনো কর্মকর্তাকে কমিটিতে কো-অপ্ট করতে পারবে।

(৭০৩৯)  
মূল্য : টাকা ৮.০০

**কমিটির কার্যপরিধি:**

- (ক) জাতীয় পরিচয়পত্র/শ্মার্ট জাতীয় পরিচয়পত্র প্রস্তুত ও বিতরণসহ সার্বিক সুপারিশ প্রণয়ন;
- (খ) ভোটার তালিকা হালনাগাদ ও প্রকাশ সংক্রান্ত সুপারিশ প্রণয়ন;
- (গ) মাঠ পর্যায়ে জাতীয় পরিচয়পত্র/শ্মার্ট কার্ড সেবা সহজীকরণের সুপারিশ প্রণয়ন;
- (ঘ) ই-ভোটিংয়ের জন্য প্রয়োজনীয় আইন এবং পদ্ধতি সংক্রান্ত সুপারিশ প্রণয়ন;
- (ঙ) প্রবাসী ভোটারদের জাতীয় পরিচয়পত্রের সেবা প্রদান ও ভোট প্রদানের ব্যবস্থা গ্রহণের সুপারিশ;
- (চ) জাতীয় পরিচয়পত্র ও ভোটার তালিকার ডাটাবেজকে আরো সুরক্ষিত এবং শক্তিশালী করার জন্য প্রয়োজনীয় হার্ডওয়্যার ও সফটওয়্যার সংশ্লিষ্ট বিষয়ে সুপারিশ প্রণয়ন;
- (ছ) জাতীয় পরিচয়পত্র ডাটাবেজের বর্তমান ডাটা সেন্টার পর্যবেক্ষণপূর্বক অধিকতর উন্নত ও আধুনিকীকরণ করার লক্ষ্যে সুপারিশ প্রণয়ন;
- (জ) নির্বাচন ব্যবস্থাপনার বিভিন্ন ক্ষেত্রে তথ্যপ্রযুক্তির ব্যবহার ও প্রয়োগ সংক্রান্ত সুপারিশ;
- (ঝ) নির্বাচন কমিশন ভবন এবং নির্বাচনি প্রশিক্ষণ ভবন ব্যবস্থাপনা নিয়ে প্রকল্প গ্রহণ এবং তা বাস্তবায়নের পরামর্শ প্রদান; এবং
- (ঝঃ) প্রকল্প চিহ্নিতকরণ এবং তা প্রণয়নের পরামর্শ প্রদান।

০২। জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ উক্ত কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

০৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**প্রধান নির্বাচন কমিশনারের আদেশক্রমে**

**মোহাম্মদ এনামুল হক  
উপসচিব (সংস্থাপন)।**